সমকাল

তারিখ : 02 MAR 2016
পৃষ্ঠা ... 2 ... কলাম ...

# নর্থ সাউথ ভার্সিটির দুই যুগ পূর্তি উৎসব শুরু কাল

■ সমকাল প্রতিবেদক

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের (এনএসইউ) গৌরবের দুই যুগ পূর্তি উৎসব আগামীকাল বৃহস্পতিবার থেকে ১১ মার্চ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে। নয় দিনের বর্ণাঢ্য এই আয়োজন উপলক্ষে গতকাল মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট হলে গণমাধ্যম প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

সভায় বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান এম এ কাসেম বলেন, গত ২৪ বছরে এ বিশ্ববিদ্যালয়ের নানামুখী অর্জন তুলে ধরতেই উৎসবের আয়োজন করা হয়েছে। এই উদযাপনে স্বাধীনতা আন্দোলনের ওপর বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ মার্চের ভাষণের প্রভাব এবং ডিজিটাল হিউম্যানিটিজসহ জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের বিভিন্ন সেমিনার, সাংস্কৃতিক অনুষ্ঠান, জাতীয় মহিলা ফুটবল ও অনূর্ধ্ব-১৯ ক্রিকেট দলকে সংবর্ধনা, বিতর্ক প্রতিযোগিতা, নাটক, বই প্রকাশনা ইত্যাদি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

মতবিনিময় সভায় ইংরেজি দৈনিক নিউজ টুডের সম্পাদক রিয়াজ উদ্দিন আহমেদ, মানবজমিনের সম্পাদক মতিউর রহমান চৌধুরী, কালের কণ্ঠের সম্পাদক ইমদাদুল হক মিলনসহ বিভিন্ন গণমাধ্যমের জ্যেষ্ঠ সাংবাদিকরা উপস্থিত ছিলেন। এ ছাড়া বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের সদস্য বেনজীর আহমাদ, ইয়াসমিন কামাল, রেহানা রহমান, মো. শাহজাহান প্রমুখ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে ধন্যবাদ জ্ঞাপন করেন উপাচার্য অধ্যাপক আতিকুল ইসলাম। সঞ্চালনা করেন জনসংযোগ কর্মকর্তা বেলাল আহমেদ।